দৈনিক খবর

তারিখ ...03 DEC 1989...
পৃষ্ঠা...7... কলাম... ... ...

98

# শিক্ষা সচিব ও ঢাকা বোর্ড চেয়ারম্যানের ওপর রুলনিশি জারি

।। স্টাফরিপোর্টার ।।

বাংলাদেশ সুপ্রীম কোর্টের হাই কোর্ট ডিভিশন বেঞ্চ শিক্ষা সচিব ও ঢাকা শিক্ষা বোর্ডের চেয়ারম্যানের ওপর রুলনিশি জারি করে রাজৈর বালিকা উচ্চ বিদ্যালয়ের ম্যানেজিং কমিটি অনুমোদনে স্থিতাবস্থা বজায় রাখার নির্দেশ দিয়েছেন।

বিচারপতি আব্দুল মতিন খান চৌধুরী ও বিচারপতি নাঈমউদ্দিনের সমন্বয়ে গঠিত বেঞ্চ রাজৈর বালিকা উচ্চ বিদ্যালয়ের এডহক কমিটির মেয়াদ বৃদ্ধি সংক্রান্ত শিক্ষা বোর্ডের আদেশ কেন অবৈধ ঘোষণা ও কোন আনইগত ভিত্তি নেই হিসেবে ঘোষণা করা হবে না, সেজন্য কারণ দর্শাও নোটিশ জারি করেন। এই কারণ দর্শাও নোটিশের জবাব ৪ সপ্তাহের মধেথ্য প্রদান করতে হবে।

রাজৈর উপজেলার গোলাম মাজেদ মিএগ ও আব্দুর রাজ্জাক মিয়ার আবেদনে বলা হয়, ১৯৮৮ সালের মাদারীপুর জেলার রাজৈর বালিকা উচ্চ বিদ্যালয়ে নির্বাচন অনুষ্ঠিত হয়। এই কমিটির কার্যকালীন সময়ে কমিটি বাতিল না করে ঢাকা শিক্ষা বোর্ড গত ১লা জুন একটি এডহক কমিটির অনুমোদন দেন। উক্ত এডহক কমিটির বিরুদ্ধে স্কুলের নির্বাচিত ম্যানেজিং কমিটির দুইজন সদস্য বাদী হয়ে একটি রীট মামলা দায়ের করেন। একক বেঞ্চের বিচারক বিচারপতি আব্দুল জলিল গত ২২শে অক্টোবর পর্যন্ত স্থিতাবস্থা বজায় রাখার নির্দেশ দেন। কিন্তু শিক্ষা বোর্ড গত ১৫ই নভেম্বর উক্ত এডহক কমিটির মেয়াদ আরও দুই মাস বর্ধিত করেন। ফলে ম্যানেজিং কমিটির সদস্যগণ পুনরায় হাই কোর্ট ডিভিশন বেঞ্চে মামলা দায়ের করেন।

মামলা পরিচালনা করেন ব্যারিস্টার ফজলুল হক। তাঁকে সহায়তা করেন এডভোকেট আব্দুর রহমান হাওলাদার।